

সজ্জায়ন

সজ্জায়ন ‘আমি’কে ‘আমরা’য় বদলে দেয়। ক্ষুদ্র ব্যক্তিস্বার্থ লীন হয়ে যায় সামগ্রিক কল্যাণে। ফলে সংশ্লিষ্ট সবার প্রাপ্তির পরিমাণ হয় বহুগুণ। কারণ এক মাথার চেয়ে দুই মাথার জ্ঞান বেশি। দুইয়ের চেয়ে তিন-এর। সজ্জায়নে বহু মস্তিষ্ক একাত্ম হয়ে শক্তি ও প্রেরণার নতুন উৎসে রূপান্তরিত হয়।

সজ্জায়নে সৃষ্টি হয় সিস্টেম ও ব্যবস্থাপনার দক্ষতা। সৃষ্টি হয় গতিশীল নেতৃত্ব ও কর্মপন্থা। সজ্জে লীন হয়ে যাওয়া মানুষরাই নিয়ন্ত্রক হয়ে ওঠেন। এই সজ্জাই পরিচিত কোম্পানি সিডিকেট পার্টি দল ইউনিয়ন জামাত ক্লাব এলায়েন্স কর্পোরেশন কনগ্রেসমার্ট ইত্যাদি নামে। এরাই নিয়ন্ত্রণ করে অর্থ বাণিজ্য মিডিয়া রাজনীতি সমাজ ধর্মাচার- সবকিছু।

সামন্তপ্রভু না সজ্জ?

- সামন্তপ্রভু ব্যক্তিনির্ভর, সজ্জ প্রতিষ্ঠাননির্ভর।
- আমার প্রতিষ্ঠান- এ মনোভাব সামন্তপ্রভুর। আমাদের প্রতিষ্ঠান- এ মনোভাব সজ্জের সবার।
- সামন্তপ্রভু মনে করেন- তিনি ছাড়া নিয়ম সবার জন্যে। কিন্তু সজ্জ যে নীতিমালা অনুসারে চলে তার উর্ধ্বে কেউ-ই নয়।
- সামন্তপ্রভুর ইচ্ছাই সিদ্ধান্ত। সজ্জে সিদ্ধান্ত হয় পরামর্শের ভিত্তিতে।
- সামন্তপ্রভুর কর্মীরা হলেন অধীনস্থ কর্মচারী। সজ্জের কর্মীরা পদ-দায়িত্ব নির্বিশেষে পরস্পরের সহকর্মী।
- সামন্তপ্রভু নিজের অর্থ, খ্যাতি বা পদবী লাভের দিকে নজর রাখেন। সজ্জ সবার কল্যাণে সচেষ্ট থাকে।

- কাজ শেষে সামন্তপ্রভু মনে করেন যে, তিনি একাই সব করেছেন। আর সজ্জ মনে করে সে কাজের সাথে সংশ্লিষ্ট সবাই মিলে কাজটি করেছেন।
- সজ্জ সদস্যদের পরিপূর্ণভাবে বিকশিত করতে চায়। সবসময় শত ফুল ফুটতে দেয়। সামন্তপ্রভু ফুল ফোটান সম্ভাবনা দেখলেই ডাল থেকে কুঁড়ি ছিঁড়ে ফেলেন।
- সামন্তপ্রভু সবাইকে তার পদের জন্যে হুমকিস্বরূপ মনে করেন। নিজের সন্তানকে উত্তরাধিকারী করেন। সজ্জে নেতৃত্ব নির্ভর করে সার্বজনীন আস্থার ওপর। সজ্জ যোগ্য ব্যক্তিকে নেতৃত্বের দায়িত্ব অর্পণ করে।
- সামন্তপ্রভুর মৃত্যুর মধ্য দিয়ে হ্রাস পেতে থাকে তার কর্তৃত্ব। সজ্জ স্থায়িত্ব পায় তার চেতনার বিস্তৃতি ও গভীরতা অনুসারে।

গতিশীল সজ্জের জন্যে-

- স্রষ্টার সন্তুষ্টি ও মানবকল্যাণই মূল লক্ষ্য হওয়া প্রয়োজন। অর্থ পদ-পদবী বা খ্যাতির জন্যে নয়।
- মেধা ও যোগ্যতার ভিত্তিতে বহুমুখী প্রতিভার সমন্বয়ে সহযোগী গড়ে তোলা প্রয়োজন।
- যৌথ নয়, মূল নেতৃত্ব হবে একক।
- পরস্পরের সাথে আন্তঃমানবীয় সংহতি স্থাপন এবং সজ্জাপ্রথমে এক মন এক আত্মায় লীন হয়ে কাজ করা প্রয়োজন।
- প্রয়োজন সঙ্গী হওয়া কিন্তু নিয়মের লঙ্ঘনকে প্রশ্রয় না দেয়া; চাপিয়ে দিয়ে নয়, কর্মীদের উদ্বুদ্ধ করে কাজ করা।
- অনুদান বা বাইরের সাহায্যনির্ভর না হয়ে স্ব-উদ্যোগ, স্ব-পরিকল্পনা ও স্ব-অর্থায়নে কার্যক্রম পরিচালনা করা। আর্থিক হিসেবের স্বচ্ছতা বজায় রাখা।

সজ্জের কর্মপ্রক্রিয়া

১. **চেতনায়ন** : কল্যাণকর চেতনাকে বিশ্বাস করা, জানা ও ভালবাসা।
২. **উদ্বুদ্ধায়ন** : চেতনাকে বিস্তৃত করার জন্যে কর্মীদের মেধার সর্বোত্তম ব্যবহার। চেতনাকে ভালবাসায় রূপান্তরিত করে অন্যকে উদ্বুদ্ধ করা।
৩. **প্রক্রিয়ায়ন** : একটি কাজ করা কখন কোথায় কীভাবে সম্পন্ন করবেন- পরামর্শের ভিত্তিতে সূষ্ঠা কর্ম পরিকল্পনার নাম প্রক্রিয়ায়ন।
৪. **বাস্তবায়ন** : সিদ্ধান্তের আলোকে যেকোনো পরিস্থিতিতে প্রয়োজনীয় পদক্ষেপে ধারাবাহিকভাবে কাজ সম্পন্ন করা।
৫. **মূল্যায়ন** : কাজ শেষে পর্যালোচনা ও জবাবদিহিতার মাধ্যমে পরবর্তী কাজে বাঁপিয়ে পড়া।

নেতৃত্বের ধরন-

প্রচলিত নেতৃত্ব : সবসময় নিজেকে জাহির করতে ব্যস্ত থাকেন। মানুষ তাকে ঘৃণা করে। আড়ালে সবসময় তার নিন্দা করে। তাকে কেউ ভালবেসে অনুসরণ করে না। স্বার্থের জন্যে আশপাশে থাকে।

সাধারণ নেতৃত্ব : মানুষ তাকে ভয় পায়। সহকর্মীদের সাথে তিনি দূরত্ব বজায় রাখেন। নিজেকে সবসময় বড় মনে করেন। তার উপস্থিতি অন্যদের মাঝে হুলস্থূল বাঁধিয়ে দেয়।

ভালো নেতৃত্ব : অন্যদের প্রশংসা ও সম্মান পান। ভালো কাজ করেন। তবে নিজের প্রচার-প্রচারণায় সরব থাকেন।

সমমর্মী নেতৃত্ব : তার উপস্থিতি সবাইকে অনুপ্রাণিত করে। অনুসারীদের সাথে মিশে যান। ফলে তাদের মেধার স্বতঃস্ফূর্ত বিকাশের অনুঘটক হন তিনি।

সমমর্মী নেতৃত্বের বৈশিষ্ট্য

- বিশ্বজনীন মমতা ও সাধারণ বাস্তব জ্ঞানের আকর হচ্ছেন তিনি।
- তাকে দেখলেই তার লালিত চেতনাকে বোঝা যায়। চেতনা ও বিশ্বাস তার কাছে অগ্রাধিকার পায়।
- বিপদের গুরুতে এবং সুযোগের শেষে থাকেন। সঙ্গীদের সাথে কষ্ট ও আরাম ভাগাভাগি করে নেন। দায়িত্ব পুরোপুরি গ্রহণ করেন।
- নিজের সমমানে অন্যদের গড়ে তোলেন। সঙ্গীদেরকেও প্রতিনিধিত্ব করার সুযোগ দেন।
- বলার আগে নিজে অনুসরণ করেন। জবাবদিহিতার জন্যেও তিনি প্রস্তুত থাকেন। জবাবদিহিতা তার ওপর সবার আস্থা ও নির্ভরতা সুদৃঢ় করে।


সজ্জের প্রাণ সজ্জাচার

- সজ্জ ও নেতৃত্বকে অনুসরণ করুন নিজের পছন্দ ও অপছন্দনীয় বিষয়ে। তাহলে আপনি যাদের নেতৃত্ব দেবেন তারাও আপনাকে অনুসরণ করবে।
- সংগঠনকে প্রতিনিধিত্ব করতে ‘আমি/আমার’ নয়- ‘আমরা/আমাদের’ শব্দ ব্যবহার করুন।
- ‘আমার লোক’/‘ওনার লোক’ বলে গ্রুপিং-লবিং থেকে বিরত থাকুন।
- কোনো কারণে দায়িত্ব পালনে অসুবিধা থাকলে দায়িত্বশীলকে আগে থেকেই জানিয়ে রাখুন।
- পর্যালোচনা করুন, সমালোচনা নয়। পর্যালোচনা সমালোচনার রূপ নেয় আবেগ চলে এলে। সংখ্যা ও তথ্যে সুনির্দিষ্টভাবে ভুলকে শনাক্ত করুন।
- সাংগঠনিক আলাপে ব্যক্তিগত সম্পর্কের প্রভাব পড়তে দেবেন না।

- দায়িত্ব অর্পণের পর হস্তক্ষেপ করবেন না বা বার বার খোঁজ নেবেন না। ভুল এড়াতে প্রয়োজনে নিরীক্ষণ করুন।
- কাজ পুরোপুরি শেষ হলে সংশ্লিষ্ট দায়িত্বশীলের কাছে ভুলগুলো অবহিত করুন। তার আগে ক্ষতির পরিমাণ যথাসম্ভব কমাতে সচেষ্ট থাকুন।
- কারো অনুপস্থিতিতে তার সমালোচনা বা নিন্দা করবেন না।
- সহকর্মীর কোনো কথা বা আচরণকে ব্যক্তিগত আক্রমণ হিসেবে নেবেন না। নিজের সহনশীলতা বাড়ান।
- কারো ভুল হয়ে গেলে তা তাকে আড়ালে বলুন সহমর্মিতার সাথে, সংশোধন করার নিয়তে; অপদস্থ বা হেয় করার উদ্দেশ্যে নয়।
- দুর্ব্যবহার করবেন না, নিয়মানুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ নিন।

সজ্জাশক্তি চিরন্তন

সজ্জাশক্তি যুগে যুগে কালে কালে সমাজ সভ্যতাকে নিয়ন্ত্রণ করেছে। সজ্জায়নে একাত্ম অল্প কিছু উদ্যোগী মানুষই বাঁক-বদল ঘটিয়েছেন ইতিহাসের। এজন্যেই মহামতি বুদ্ধ আড়াই হাজার বছর আগে বলেছিলেন, সজ্জা শরণ্য গচ্ছামি (সজ্জের পথে চলো)। কমিউনিস্ট ইশতেহারে বলা হয়েছিলো- দুনিয়ার মজদুর এক হও! বহুজাতিক কোম্পানিগুলো একীভূত হয়ে সারা পৃথিবীর বাজার নিয়ন্ত্রণ করে বহুগুণ মুনাফা করছে। সজ্জাবদ্ধ হওয়ার পরেই আরবরা পতন ঘটায় হাজার বছরের রোমান ও পারস্য সাম্রাজ্যের। নবীজী (স) বলেছেন, সজ্জের সাথে আল্লাহর রহমত থাকে। যে সজ্জা থেকে বিচ্ছিন্ন হয় সে পতিত হয়। তাই সজ্জে লীন হোন, সজ্জাশক্তিতে উজ্জীবিত থাকুন। আপনার অর্জনও বাড়বে বহুগুণ।



আকারের ক্ষুদ্রতায় আর বিষয়বস্তুর ব্যাপকতায় এক অভিনব প্রকাশনা কোয়ান্টাম কণিকা। বৈচিত্র্যময় বিষয়ের ওপর প্রকাশিত **কোয়ান্টাম কণিকাসমগ্র** আজই সংগ্রহ করুন

কোয়ান্টাম ফাউন্ডেশন

কেন্দ্রীয় দফতর :
৩১/ভি শিল্পাচার্য জয়নুল আবেদীন সড়ক,
শান্তিনগর, ঢাকা-১২১৭।
ফোন : ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০১৭১১-৬৭১৮৫৮
চট্টগ্রাম : ০৩১-৬৫৩৬৮৮, ০১৭১১-৩৯৩০১০
সিলেট : ০৮২১-৭১১৬১২, ০১৭১১-২৮০৬৫২
রাজশাহী : ০৭২১-৭৭১৫৫০, ০১৭১১-১০৪২৮৯
মিরপুর : ৮০৬১০৭৫, ০১৭১৭-১৪৪৭২৪
স্বচ্ছা রক্তদান কার্যক্রম ও কোয়ান্টাম ল্যাব :
৮৩২২৯৮৭, ৯৩৫১৯৬৯, ০১৭১৪-০১০৮৬৯
E-Mail : info@quantummethord.org.bd
Web Site : www.quantummethord.org.bd

December 2009 ■ WINDOWS ■ 01720-515925



মহাজাতক